গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা-২ (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়ঃ ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে নৌপরিবহন মন্ত্রণালয় ও সংস্থাসমূহের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ মোস্তফা কামাল
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
সভার তারিখ ঃ ০৭-০৩-২০২৩
সময় ঃ বেলা ১২.০০ টা
স্থান ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'|জুমপ্লাটফর্মে অংশগ্রহণকারীদের তালিকা পরিশিষ্ট 'খ'।

সভাপতি উপস্থিত এবং জুমে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনায় সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি মহান মুক্তিযুদ্ধের সকল শহীদ বীরমুক্তিযোদ্ধার আত্মত্যাগ শ্রদ্ধাভরে স্মরণ করেন। অত:পর সভাপতি সকল বীর মুক্তিযোদ্ধার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) ২৫ মার্চ ২০২৩ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি এবং উক্ত কর্মসূচির আলোকে নৌপরিবহন মন্ত্রণালয়ের সম্ভাব্য কর্মসূচি উপস্থাপন করেন।। আসন্ন ২৫ মার্চ ২০২৩ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থা জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযোগ্য মর্যাদায় স্ব-স্ব উদ্যোগে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

০২। সভায় উপস্থিত সকল সদস্যের আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা | ২৫-০৩-২০২৩ সুবিধাজনক সময়ে | দপ্তর/সংস্থার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কণ্ঠে ২৫ মার্চ গণহত্যা সম্পর্কে স্বাস্থ্যবিধি মেনে স্মৃতিচারণ ও আলোচনা সভা করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর-সংস্থা শিক্ষা প্রতিষ্ঠান |
| ২. | গণহত্যার উপর প্রামাণ্য চিত্র | ২৫-০৩-২০২৩ সুবিধাজনক সময়ে | সকল দপ্তর/সংস্থার আওতাধীন শিক্ষা-প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে তথ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর-সংস্থা |
| ৩. | মোনাজাত/প্রার্থনা | ২৫-০৩-২০২৩ তারিখ বাদ আসর/সুবিধাজনক সময়ে | ২৫ মার্চ ১৯৭১ রাতে নিহতদের স্মরণে দপ্তর/সংস্থার আওতাধীন মসজিদে/ধর্মীয় উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করবে। | সকল দপ্তর-সংস্থা |
| ৪. | প্রতীকি ব্ল্যাক-আউট | ২৫-০৩-২০২৩ (রাত ১০.৩০ থেকে ১০-৩১ মিনিট পর্যন্ত) | দপ্তর-সংস্থার নিজস্ব স্থাপনাসমূহে (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) ০১ (এক) মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউট করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর-সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | জাতীয় পতাকা উত্তোলন | ২৬-০৩-২০২৩ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা বিধি, ১৯৭২ অনুসারে জাতীয় পতাকা (নতুন) উত্তোলন করতে হবে। | সকল দপ্তর-সংস্থা |
| ৬. | আলোকসজ্জা ও পতাকা দ্বারা সজ্জিতকরণ | ২৬-০৩-২০২৩ তারিখ সন্ধ্যা থেকে | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উপলক্ষে দপ্তর-সংস্থা তাদের ভবন/স্থাপনাগুলোতে সীমিত আকারে আলোকসজ্জা করবে এবং বিভিন্ন নৌযানসমূহ জাতীয় পতাকা দ্বারা সজ্জিত করবে। তবে, ২৫-০৩-২০২৩ খ্রি: তারিখ কোন আলোকসজ্জা করা যাবে না। | সকল দপ্তর-সংস্থা |
| ৭. | নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন | ২৬-০৩-২০২৩ | জেলা প্রশাসন ঢাকা, বরিশাল ও চাঁদপুর, ফায়ার সার্ভিস এবং সংশ্লিষ্ট সংস্থার সাথে সমন্বয় করে বর্ণিলভাবে নৌকাবাইচ প্রতিযোগিতার আয়োজন করা হবে। | বিআইডব্লিউটিএ |
| ৮. | দেশাত্মবোধক সংগীত | ২৬-০৩-২০২৩ | সদরঘাট থেকে আশুলিয়া পর্যন্ত নৌপথে বিশিষ্ট শিল্পীগণের অংশগ্রহণে দেশাত্মবোধক সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হবে। | বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, নৌপরিবহন অধিদপ্তর |
| ৯. | জাহাজসমূহ জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখা | ২৬-০৩-২০২৩ | চট্টগ্রাম, খুলনা ও মংলা বন্দর, পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, নারায়ণগঞ্জের পাগলা, বরিশাল ও চাঁদপুর বিআইডব্লিউটিএ এর ঘাটে বাংলাদেশ নৌ-বাহিনী ও কোস্টগার্ডের জাহাজসমূহ ২৬/০৩/২০২৩ তারিখ বেলা ২.০০ টা থেকে সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত থাকবে। এ বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় করতে হবে। | বিআইডব্লিউটিএ, ও বন্দর কর্তৃপক্ষসমূহ |
| ১০. | শিশুপার্ক/ইকোপার্ক | ২৬-০৩-২০২৩ | বিআইডব্লিউটিএ'র ০৪টি শিশুপার্ক/ইকোপাক শিশুদের জন্য বিকাল ৪.০০ টা পর্যন্ত উন্মুক্ত রাখা এবং বিনা টিকেটে প্রদর্শণীর ব্যবস্থা করা। | চবক, মোবক, বিআইডব্লিউটিএ |
| ১১. | মোনাজাত/প্রার্থনা | ২৬-০৩-২০২৩ সুবিধাজনক সময়ে | জাতির শান্তি , সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির,গীর্জা,প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত /প্রার্থনা। | সকল দপ্তর /সংস্থা |
| ১২. | চিত্রাঙ্কন/রচনা/ বিতর্ক/কুইজ/ ক্রীড়া প্রতিযোগিতা, ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | ২৬-০৩-২০২৩ সুবিধাজনক সময়ে | প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।<br>এছাড়া, (১) "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব" ও (২) দেশের উন্নয়ন" বিষয়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও মোংলা বন্দর কর্তৃপক্ষ |
| ১৩. | আলোচনা সভা | ১৮-০৩-২০২৩ হতে ২৫-০৩-২০২৩ এর মধ্যে (সুবিধাজনক সময়ে) | **বিষয়ঃ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন"** বিষয়ে আলোচনা সভা।স্থানঃ **বিআইডব্লিউটিএ মুক্তিযোদ্ধা স্মৃতি মিলানায়তন, মতিঝিল, ঢাকা।**<br>তারিখ ও সময়: **মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে নির্ধারণ করা হবে।**<br>প্রধান অতিথিঃ **মাননীয় প্রতিমন্ত্রী , নৌপরিবহন মন্ত্রণালয় এবং** বিশেষ অতিথি: **হিসেবে নৌপরিবহন মন্ত্রণালয়ের সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি।** | সকল দপ্তর-সংস্থা নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | উন্নতমানের ইফতার ও খাবার পরিবেশন | ২৬-০৩-২০২৩ সন্ধ্যা/ রাত | দপ্তর-সংস্থার আওতাধীন হাসপাতাল, শিশু দিবাযত্ন কেন্দ্র অথবা যেকোন কল্যাণকামী কেন্দ্রে ২৬/০৩/২০২৩ তারিখ উন্নতমানের ইফতার ও খাবার পরিবেশন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর-সংস্থা |
| ১৫. | বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা | ২৬-০৩-২০২৩ | দপ্তর-সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীর বীর মুক্তিযোদ্ধা পিতা-মাতা (যদি থাকে) এবং অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীকে সংবর্ধনা প্রদান করতে হবে। | সকল দপ্তর-সংস্থা |

- **পবিত্র রমজান মাসের পবিত্রতা রক্ষা করে সকল অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।**

০৩। ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৯-০৩-২০২৩
মোঃ মোস্তফা কামাল
সচিব

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০১০.২২-৭৩৬

তারিখঃ ২৭ ফাল্গুন, ১৪২৮ / ১২মার্চ, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। চেয়ারম্যান, জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বাস্থবক।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল সদর বরিশাল/বেড়া,পাবনা/পীরগঞ্জ, রংপুর/সিলেট।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
১০। সিনিয়র সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সহকারী সচিব (সকল) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২.৩.২৩

(মো: আলাউদ্দিন)
সহকারী সচিব (প্রশাসন-২)
ফোন: ৫৫১০০৬৩৮
sas.admin1@mos.gov.bd